

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.৩২৭.২০১৬- ৩৭৭৫

তারিখ : ১৯ ডিসেম্বর ২০১৬।

বিষয় : কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা নির্বাহী অফিসারের গাড়ির গাড়িচালক নিয়োগ ও দৈনিক ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে তার মজুরী প্রদান।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুতুবদিয়া, কক্সবাজার-এর স্মারক নং-উনিঅ/কুতুব/২০১৬-৩৮৪;
তারিখ: ০৩ নভেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের অনুমোদন ব্যতিত কোন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে কিভাবে দৈনিক মজুরীর ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি চালক পদে নিয়োগ ও দৈনিক মজুরী প্রদান করা হয়েছে সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ব্যত্যয় ঘটিয়ে উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি চালকের দৈনিক মজুরী ইতোমধ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হলে তা আর্থিক অনিয়ম বলে বিবেচিত হবে এবং এর দায় সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের উপর বর্তাবে। উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি চালকের দৈনিক মজুরী ইতোমধ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা হলে তা আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে রাজস্ব তহবিলে জমা প্রদান করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. M. J.
২৯/১২/২০১৬
(ড. জুলিয়া মর্দন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।

২। উপজেলা নির্বাহী অফিসার

কুতুবদিয়া, কক্সবাজার।

অনুলিপি :

১। জেলা প্রশাসক, কক্সবাজার।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।